



## রপ্তানি উন্নয়ন ব্যুরো

১, কাওরান বাজার  
টিসিবি ভবন  
ঢাকা-১২১৫।



### বিষয়ঃ নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	: এ. এইচ. এম. আহসান, ভাইস-চেয়ারম্যান
তারিখ	: ১৫ মার্চ ২০২২ খ্রি.
সময় ও বার	: মঙ্গলবার, সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	: সম্মেলন কক্ষ, রপ্তানি উন্নয়ন ব্যুরো
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা	: পরিশিষ্ট-“ক”

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ব্যুরোর শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন, নৈতিকতা কমিটির সভা, প্রশিক্ষণ ইত্যাদি নিয়মিত আয়োজনের মাধ্যমে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সার্বিক কর্মকান্ড ও ব্যবস্থাপনায় শুদ্ধাচারের চর্চা করতে হবে। সভায় ব্যুরোর শুদ্ধাচার বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	মত বিনিময় সভা আয়োজন	<p><u>আলোচনাঃ</u> সেবা সহজে প্রদানের নিমিত্ত Stakeholderদের সমন্বয়ে প্রত্যেক ত্রৈমাসিকে সভা আহবান করার বিষয়ে সকলে মত প্রকাশ করেন।</p> <p><u>সিদ্ধান্তঃ</u> আগামী ৩১ মার্চ ২০২২ খ্রি. তারিখের মধ্যে Stakeholderদের সমন্বয়ে একটি সভা আহবান করতে হবে।</p>	প্রশাসন বিভাগ
০২.	কর্মপরিবেশ উন্নয়ন	<p><u>আলোচনাঃ</u> স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইডুজ্জ অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। ব্যুরোর সচিব জানান যে অফিসে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। অকেজো মালামাল বিক্রয় করা হয়েছে। নথি শ্রেণী বিন্যাসকরণের কাজ চলমান আছে।</p> <p><u>সিদ্ধান্তঃ</u> স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে এবং বিনষ্টযোগ্য নথি শ্রেণীবিগ্যাস করে বিনষ্টকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।</p>	প্রশাসন বিভাগ
০৩.	ফিডব্যাক প্রদান	<p><u>আলোচনাঃ</u> আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান করা প্রয়োজন।</p> <p><u>সিদ্ধান্তঃ</u> ব্যুরোর আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশলকর্ম-পরিকল্পনার ৩য় ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের জন্য আগামী ০৫ এপ্রিল ২০২২ খ্রি. তারিখের মধ্যে সভা আহবান করতে হবে।</p>	প্রশাসন বিভাগ


## রপ্তানি উন্নয়ন ব্যুরো

১, কাওরান বাজার  
টিসিবি ভবন  
ঢাকা-১২১৫।



ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০৪.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল	আলোচনাঃ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ২০২১-২২ অর্থবছরের এপিএ এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন আগামী ১৫ এপ্রিল ২০২২ খ্রি. তারিখের মধ্যে বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার বাধ্যবাধকতা রয়েছে মর্মে সচিব সভাকে অবহিত করেন।  সিদ্ধান্তঃ আগামী ১০ এপ্রিল ২০২২ খ্রি. তারিখের মধ্যে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন বিভাগ

০২। সভায় আলোচনার জন্য আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(এ. এইচ. এম. আহসান)  
ভাইস-চেয়ারম্যান  
রপ্তানি উন্নয়ন ব্যুরো

### অনুলিপি (জ্ঞাতার্থে):

- ০১। মহাপরিচালক-১/২, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০২। উপসচিব, বাজেট অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সদয় অবগতির জন্য)
- ০৩। সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০৪। পরিচালক (সকল), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০৫। উপ-পরিচালক (সকল), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ০৬। প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।